গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১৪০/২০১৮-২০১৯
ঢাকা, মঙ্গলবার ১৫ জানুয়ারি ২০১৯, ২ মাঘ ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। প্রধানমন্ত্রীর পাঁচ উপদেষ্টার পুনর্নিয়োগ
২। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে চার দেশের অভিনন্দন
৩। নতুন মন্ত্রিসভার প্রথম বৈঠক আগামী ২১ জানুয়ারি
৪। সংলাপ নয়, শুভেচ্ছা বিনিময় করবেন প্রধানমন্ত্রী : সেতুমন্ত্রী
৫। বর্ষার আগেই সড়ক মেরামত ও সংস্কার কাজ শেষ করার নির্দেশনা
৬। নবম ওয়েজবোর্ড আগামী ২৮ জানুয়ারির মধ্যে : তথ্যমন্ত্রী
তথ্যমন্ত্রীর সঙ্গে প্রেসক্লাব ব্যবস্থাপনা কমিটির মতবিনিময়
৭। কোচিং বাণিজ্য বন্ধের নির্দেশ শিক্ষামন্ত্রীর
৮। ফেব্রুয়ারির শুরুতে বাংলাদেশ ভারত যৌথ কমিশনের বৈঠক
প্রথম দ্বিপাক্ষিক সফরে দিল্লি যাচ্ছেন পররাষ্ট্রমন্ত্রী
৯। রোহিঙ্গাদের মিয়ানমারে ফেরত পাঠানো একটি বড় চ্যালেঞ্জ : পররাষ্ট্রমন্ত্রী
১০। বন্ধ শিল্প-কারখানা চালু করে লাভজনক করতে হবে : শিল্পমন্ত্রী
১১। পাঁচ ধাপে এবার উপজেলা পরিষদের ভোট গ্রহণ
১৭ ফেব্রুয়ারি সংরক্ষিত নারী আসনের তফসিল
১২। স্বাস্থ্যমান উন্নয়নে কাজ করবে সরকার : স্বাস্থ্যমন্ত্রী
১৩। চালের দাম বাড়ার যৌক্তিকতা নেই : বাণিজ্যমন্ত্রী
১৪। ঝুঁকিপূর্ণ পুরাতন ভবন ভেঙে ফেলতে হবে : গণপূর্তমন্ত্রী
১৫। রেলের দুর্নীতির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে : রেলমন্ত্রী
১৬। আগামী ১৯ জানুয়ারি পালিত হবে ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন
২ কোটি শিশুকে এবার ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হবে
১৭। খাদ্যে ভেজালে ৩ জনের কারাদন্ড : কঠোর অবস্থানে ডিএসসিসি

চলমান পাতা-২

১। **প্রধানমন্ত্রীর পাঁচ উপদেষ্টার পুনর্নিয়োগ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপদেষ্টা পদে পাঁচজনকে পুনরায় নিয়োগ দেওয়া হয়েছে। গত ৭ জানুয়ারি তাদের নিয়োগের অবসান হয় এবং একই তারিখে তাদেরকে পুনরায় নিয়োগ দেওয়া হয়। গতকাল (১৪ জানুয়ারি সোমবার) ৭ জানুয়ারি তারিখ দিয়ে এ নিয়োগ সংক্রান্ত গেজেট প্রকাশ করা হয়। পুনরায় নিয়োগ পেলেন, প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা পদে এইচ টি ইমাম, অর্থনৈতিক উপদেষ্টা পদে ড. মসিউর রহমান, বিদ্যুৎ ও জ্বালানি উপদেষ্টা পদে ড. তৌফিক ইলাহী চৌধুরী (বীর বিক্রম), আন্তর্জাতিক সম্পর্কবিষয়ক উপদেষ্টা পদে ড. গওহর রিজভী ও নিরাপত্তাবিষয়ক উপদেষ্টা মেজর জেনারেল (অব.) তারিক আহমেদ সিদ্দিক। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪)।

২। **প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে চার দেশের অভিনন্দন**

চতুর্থবারের মতো প্রধানমন্ত্রীর দায়িত্ব গ্রহণ করায় আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনাকে বিশ্ব নেতাদের অভিনন্দন জানানো অব্যাহত রয়েছে। গতকাল (১৪ জানুয়ারি সোমবার) পৃথক বার্তায় প্রধানমন্ত্রীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন আফগানিস্তানের প্রেসিডেন্ট মোহাম্মদ আশরাফ গনি, এস্তোনিয়ার প্রধানমন্ত্রী জুরি রাতা, হাঙ্গেরির প্রধানমন্ত্রী ভিকটর অরবান এবং ব্রুনাইর সুলতান হাজি হাসানাল বলকিয়া। আফগান প্রেসিডেন্ট প্রধানমন্ত্রীর সুস্বাস্থ্য ও সাফল্য এবং বাংলাদেশের জনগণের উন্নতি ও সমৃদ্ধি কামনা করেন। ব্রুনাইয়ের সুলতান হাজি হাসানাল বলকিয়া অভিনন্দন বার্তায় বলেন, নতুন মেয়াদে আপনার সার্বিক সাফল্য কামনা করছি এবং দু'টি দেশ ও দেশের জনগণের স্বার্থে আমাদের মূল্যবোধ ও দীর্ঘদিনের সম্পর্ক আরও জোরদার করতে একসঙ্গে কাজ করতে আগ্রহী। এস্তোনিয়ার প্রধানমন্ত্রী জুরি রাতা তাঁর অভিনন্দন বার্তায় দৃঢ় আস্থা প্রকাশ করে বলেন, পারস্পরিক সমঝোতা ও শ্রদ্ধার ওপর ভিত্তি করে বাংলাদেশ ও এস্তোনিয়ার বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আগামী দিনগুলোতে সাফল্যের সঙ্গে আরও বিকাশ লাভ করবে। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৬), **যুগান্তর** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১)।

৩। **নতুন মন্ত্রিসভার প্রথম বৈঠক আগামী ২১ জানুয়ারি**

নতুন সরকারের মন্ত্রিসভার প্রথম বৈঠক বসছে আগামী **২১** জানুয়ারি। ঐ দিন সকাল **১০**টায় প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন মন্ত্রিসভার প্রথম বৈঠক হবে। মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম গতকাল (১৪ জানুয়ারি সোমবার) এ তথ্য জানান। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৩), **সমকাল** (পৃ.২,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮)।

৪। **সংলাপ নয়, শুভেচ্ছা বিনিময় করবেন প্রধানমন্ত্রী : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, সংলাপ নয়, গণভবনে নির্বাচন পরবর্তী শুভেচ্ছা বিনিময় করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। নির্বাচনের আগে বিএনপি-ঐক্যফ্রেন্টসহ যে ৭৫টি রাজনৈতিক দল সংলাপে অংশ নিয়েছিল তাদের সঙ্গেই শুভেচ্ছা বিনিময় করা হবে। এখানে কোনো সংলাপের আমন্ত্রণ জানানো হচ্ছে না। গতকাল (১৪ জানুয়ারি সোমবার) বঙ্গবন্ধু এভিনিউস্থ আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে ঢাকা মহানগর দক্ষিণ আওয়ামী লীগ আয়োজিত বর্ধিত সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২)।

৫। **বর্ষার আগেই সড়ক মেরামত ও সংস্কার কাজ শেষ করার নির্দেশনা**

আসন্ন বর্ষা মৌসুমের আগেই সড়ক মেরামত ও সংস্কার কাজ শেষ করার নির্দেশনা দিয়েছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। গতকাল (১৪ জানুয়ারি সোমবার) মন্ত্রণালয়ের সভাকক্ষে মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর প্রধান, চলমান প্রকল্পসমূহের প্রধান এবং সওজ'র জোন প্রধানদের সঙ্গে অনুষ্ঠিত সভায় সভাপতির বক্তব্যে তিনি এ নির্দেশ দেন। সড়ক-মহাসড়ক নির্মাণকাজের গুণগতমান সুরক্ষার ওপর গুরুত্ব দিয়ে মন্ত্রী বলেন, দেশের সড়ক-মহাসড়কের ওপর স্থাপিত কাঁচাবাজার ও ভাসমান দোকানপাট উচ্ছেদ করে মূলসড়ক উদ্ধারের কাজ শুরু হয়েছে, এ কাজ সফলভাবে শেষ করতে হবে। তিনি বলেন, পরবর্তী পর্যায়ে সড়কপাশের অবৈধ স্থাপনা সরানোর উদ্যোগ নেওয়া হবে। এছাড়া পৌরসভা এলাকায় মহাসড়কের পার্শ্বস্থল আবর্জনামুক্ত রাখতে সড়ক ও জনপথ অধিদপ্তরকে কঠোর নির্দেশনা দেন মন্ত্রী। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৭), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.২)।

**৬। নবম ওয়েজবোর্ড আগামী ২৮ জানুয়ারির মধ্যে : তথ্যমন্ত্রী**

**তথ্যমন্ত্রীর সঙ্গে প্রেসক্লাব ব্যবস্থাপনা কমিটির মতবিনিময়**

নির্বাচনি প্রতিশ্রুতি অনুসারে সাংবাদিকদের জন্য আবাসনের ব্যবস্থা নেওয়ার পাশাপাশি আগামী ২৮ জানুয়ারির মধ্যে নবম ওয়েজবোর্ড বাস্তবায়নের প্রজ্ঞাপন জারির ব্যবস্থা গ্রহণ করা হবে বলে জানিয়েছেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ। গতকাল (১৪ জানুয়ারি সোমবার) বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন (বিএফইউজে) ও ঢাকা সাংবাদিক ইউনিয়নের (ডিইউজে) যৌথ উদ্যোগে সৌজন্য সাক্ষাৎ ও সংবর্ধনা অনুষ্ঠানে তিনি একথা জানান। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **অবজারভার** (শেষ পৃ,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.২)।

জাতীয় প্রেসক্লাবের ব্যবস্থাপনা কমিটির সঙ্গে মতবিনিময় করেছেন নতুন দায়িত্ব পাওয়া তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ। গতকাল (১৪ জানুয়ারি সোমবার) জাতীয় প্রেসক্লাবে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। মতবিনিময়কালে মানসম্পন্ন গণমাধ্যম যেন হারিয়ে না যায়, সে লক্ষ্যে কাজ করবেন বলে জানান তথ্যমন্ত্রী। পাশাপাশি তথ্য মন্ত্রণালয়ের চ্যালেঞ্জ মোকাবিলায় সাংবাদিকদের সহযোগিতা কামনাও করেন তিনি। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৬), **যুগান্তর** (পৃ.৩,ক.১)।

**৭। কোচিং বাণিজ্য বন্ধের নির্দেশ শিক্ষামন্ত্রীর**

কোচিং বাণিজ্য বন্ধ ও অতিরিক্ত ভর্তি ফি আদায় বন্ধ করার নির্দেশ দিয়েছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এবং শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী নওফেল। তাঁরা গতকাল (১৪ জানুয়ারি সোমবার) নিজ মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে শিক্ষা মন্ত্রণালয়ের দুই বিভাগ, অধিদফতর, দফতরসহ ও বিভিন্ন উইং প্রধানদের সঙ্গে বৈঠকে এ নির্দেশ দেন। **সংবাদ** (শেষ পৃ,ক.৩), **সমকাল** (শেষ পৃ,ক.১)।

**৮। ফেব্রুয়ারির শুরুতে বাংলাদেশ ভারত যৌথ কমিশনের বৈঠক**

**প্রথম দ্বিপাক্ষিক সফরে দিল্লি যাচ্ছেন পররাষ্ট্রমন্ত্রী**

বাংলাদেশ ও ভারতের মধ্যে দ্বিপাক্ষিক সকল ইস্যুতে আবার কার্যক্রম শুরু করেছে ঢাকা ও দিল্লি। দুই দেশের পররাষ্ট্রমন্ত্রীদের সমন্বয়ে গঠিত যৌথ পরামর্শক কমিশন ফেব্রুয়ারির শুরুতে দিল্লিতে বৈঠকে বসছে। বাংলাদেশের পক্ষে পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন ও ভারতের পক্ষে দেশটির পররাষ্ট্রমন্ত্রী সুষমা স্বরাজ যৌথ পরামর্শক কমিশনের (জেসিসি) বৈঠকে নেতৃত্ব দেবেন। এটি হবে জেসিসির পঞ্চম বৈঠক। ভারত সরকার পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেনকে দিল্লি সফরে আমন্ত্রণ জানিয়েছে। পররাষ্ট্রমন্ত্রী গতকাল (১৪ জানুয়ারি সোমবার) তাঁর দফতরে সাংবাদিকদের প্রথম দ্বিপাক্ষিক সফরে ভারত যাচ্ছেন বলে জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.২), **অবজারভার** (পৃ.২,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১)।

**৯। রোহিঙ্গাদের মিয়ানমারে ফেরত পাঠানো একটি বড় চ্যালেঞ্জ : পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আবদুল মোমেন বলেছেন, রোহিঙ্গাদের মিয়ানমারে ফেরত পাঠানো একটি বড় চ্যালেঞ্জ। এ চ্যালেঞ্জ মোকাবিলায় নতুন কী কৌশল নেওয়া যায় তা নিয়ে চিন্তাভাবনা করা হচ্ছে। পররাষ্ট্রমন্ত্রী বলেন, বাংলাদেশে রোহিঙ্গাদের অবস্থান নিয়ে একটি গবেষণা প্রতিবেদন তৈরি করতে নির্দেশ দিয়েছি। এ গবেষণা থেকে রোহিঙ্গাদের কারণে আমাদের দেশের সামাজিক, আর্থিক ও নিরাপত্তা ব্যবস্থায় কী ধরনের প্রভাব পড়েছে তা আরও গভীরভাবে জানার চেষ্টা করা হবে। গতকাল (১৪ জানুয়ারি সোমবার) পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.৩), **অবজারভার** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৬)।

**১০। বন্ধ শিল্প-কারখানা চালু করে লাভজনক করতে হবে : শিল্পমন্ত্রী**

বন্ধ হয়ে থাকা সরকারি শিল্প প্রতিষ্ঠানগুলোকে চালু করার উদ্যোগের কথা জানিয়েছেন নতুন দায়িত্বপ্রাপ্ত শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ুন। তিনি বলেন, এ সকল শিল্প প্রতিষ্ঠান চালু করতে হবে এবং এগুলোকে লাভজনক করতে হবে। গতকাল (১৪ জানুয়ারি  সোমবার) শিল্প মন্ত্রণালয়ের সভাকক্ষে মন্ত্রণালয়ের কর্মকর্তা ও মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর ও সংস্থার প্রধানদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **সংবাদ** (পৃ.১৪,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.৫), **নিউ নেশন** (পৃ.১,ক.১)।

**১১। পাঁচ ধাপে এবার উপজেলা পরিষদের ভোট গ্রহণ**

**১৭ ফেব্রুয়ারি সংরক্ষিত নারী আসনের তফসিল**

এবার উপজেলা পরিষদের নির্বাচন হবে পাঁচ ধাপে। মার্চের প্রথম সপ্তাহ থেকে বিভাগওয়ারি ধাপে ধাপে নির্বাচন হবে। ফেব্রুয়ারির প্রথম সপ্তাহে তফসিল ঘোষণা এবং জেলা সদরে অবস্থিত উপজেলাগুলোতে ইলেকট্রনিক ভোটিং মেশিনে (ইভিএম) ভোট নেওয়ার প্রাথমিক সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন। আর একাদশ জাতীয় সংসদে সংরক্ষিত নারী আসনের নির্বাচনের তফসিল ঘোষণা করা হবে ১৭ ফেব্রুয়ারি। গতকাল (১৪ জানুয়ারি সোমবার) আগারগাঁওয়ে নির্বাচন ভবনে নির্বাচন কমিশনের সভায় এসব সিদ্ধান্ত হয়। সভাশেষে ইসি সচিবালয়ের সচিব হেলালুদ্দীন আহমদ কমিশনের সিদ্ধান্তের কথা সাংবাদিকদের জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৩)।

**১২। স্বাস্থ্যমান উন্নয়নে কাজ করবে সরকার : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঘোষণা অনুসরণ করে দুর্নীতি ও স্বজনপ্রীতির ঊর্ধ্বে থেকে জনগণের স্বাস্থ্যমান উন্নয়নে সরকার কাজ করে যাবে। এ উদ্দেশ্যে স্বাস্থ্যখাতের মানোন্নয়নে নজরদারি ও মনিটরিং জোরদারই হবে সরকারের মূল লক্ষ্য থাকবে। গতকাল (১৪ জানুয়ারি সোমবার) রাজধানীর শহিদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল পরিদর্শনকালে চিকিৎসক, নার্স কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **সমকাল** (পৃ.৫,ক.৪), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **নিউ নেশন** (পৃ.৩,ক.৫)।

**১৩। চালের দাম বাড়ার যৌক্তিকতা নেই : বাণিজ্যমন্ত্রী**

সম্প্রতি চালের যে দাম বেড়েছে, তার যৌক্তিকতা নেই বলে মনে করেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। তিনি বলেন, চালের দাম কেন বেড়েছে, তা খতিয়ে দেখা হবে। এ জন্য খাদ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করবেন তিনি। গতকাল (১৪ জানুয়ারি সোমবার) সচিবালয়ে নিজ দপ্তরে সাংবাদিকদের কাছে চালের দাম বৃদ্ধি নিয়ে এমন মতামত প্রকাশ করেন বাণিজ্যমন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৪), **যুগান্তর** (শেষ পৃ,ক.১)।

**১৪। ঝুঁকিপূর্ণ পুরাতন ভবন ভেঙে ফেলতে হবে : গণপূর্তমন্ত্রী**

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী শ. ম. রেজাউল করিম বলেছেন, ঝুঁকিপূর্ণ ও বসবাস অনুপযোগী পুরাতন ভবনগুলো ভেঙে ফেলতে ভবন মালিকদের নির্দেশ দেওয়া হবে। তিনি বলেন, নির্দেশ কার্যকর করা না হলে তাদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। তিনি গতকাল (১৪ জানুয়ারি সোমবার) মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত ভূমিকম্পবিষয়ক রাজউকের আরবান রেজিলেন্স প্রকল্পের পর্যালোচনা সভাশেষে সাংবাদিকদের এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **সংবাদ** (শেষ পৃ,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৩)।

**১৫। রেলের দুর্নীতির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে : রেলমন্ত্রী**

নতুন রেলপথমন্ত্রী মো. নূরুল ইসলাম বলেছেন, রেলওয়ের দুর্নীতির কোনো অভিযোগ পাওয়া গেলে এর বিরুদ্ধে তাৎক্ষণিক ব্যবস্থা নেওয়া হবে। গতকাল (১৪ জানুয়ারি সোমবার) রেলওয়ের জন্য ৪০টি ব্রডগেজ ইঞ্জিন (লোকোমোটিভ) কেনার জন্য চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে মন্ত্রী এ কথা বলেন। সাংবাদিকদের এক প্রশ্নের উত্তরে রেলমন্ত্রী বলেন, ট্রেনের টিকিট কালোবাজারির বিরুদ্ধে ব্যবস্থা নিচ্ছি। দুর্নীতি যদি পাওয়া যায়, তাহলে অবশ্যই ব্যবস্থা নেব। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৪), **সংবাদ** (পৃ.৪,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৮)।

**১৬। আগামী ১৯ জানুয়ারি পালিত হবে ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন**

**২ কোটি শিশুকে এবার ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হবে**

আগামী ১৯ জানুয়ারি দেশজুড়ে পালিত হবে ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন। ঐ দিন ৬ মাস থেকে ৫৯ মাস বয়সী শিশুদেরকে ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হবে। গতকাল (১৪ জানুয়ারি সোমবার) ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনে জাতীয় 'এ' প্লাস ক্যাম্পেইনের (২য় রাউন্ড) কেন্দ্রীয় এডভোকেসি সভায় এ কথা জানানো হয়। সভায় ডিএসসিসি'র প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ব্রিগেডিয়ার জেনারেল ডা. শেখ সালাহউদ্দীন ভরাপেটে শিশুদের ক্যাপসুল খাওয়ানোর পরামর্শ দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৩), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

১৭। **খাদ্যে ভেজালে ৩ জনের কারাদন্ড : কঠোর অবস্থানে ডিএসসিসি**

খাদ্যে ভেজাল থাকার কারণে তিনজনকে কারাদন্ড দিয়েছে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) ভ্রাম্যমাণ আদালত। একইসঙ্গে বিভিন্ন প্রতিষ্ঠানকে জরিমানা করে ৪ লাখ টাকা আদায় ও সতর্ক করা হয়েছে। গতকাল (১৪ জানুয়ারি সোমবার) দ্বিতীয় দিনের মতো ডিএসসিসির ৪টি অঞ্চলে এ অভিযান পরিচালিত হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৫), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫)।

**সম্পাদকীয়**

ক. **সমকাল :** ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পাশে গাজীপুর জেলার শ্রীপুরের জৈনা বাজারে মহাসড়কের ওপরই সারি সারি দোকান নির্মাণ করা হয়েছে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

**খ.** **ইত্তেফাক :** ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার বোর্ডের তথ্যানুযায়ী ২০১৮ সালে অবৈধভাবে বিদেশে কর্মরত ১১৭ কর্মীর মৃতদেহ দেশে এসেছে উল্লেখ করে সরকারের সংশ্লিষ্ট দপ্তরগুলো অভিবাসী শ্রমিকের অনভিপ্রেত মৃত্যুরোধে যথাযথ ব্যবস্থা নেবে বলে প্রত্যাশা ব্যক্ত।

**গ.** **যায়যায়দিন, ভোরের কাগজ :** পোশাক শ্রমিকদের বেতন বাড়ায় সন্তোষ প্রকাশ করে তৈরি পোশাকখাতকে ঘিরে কোনো ধরনের নেতিবাচক পরিস্থিতি যেন সৃষ্টি না হয় সেদিক লক্ষ্য রাখার সুপারিশ।

**ঙ.** **যুগান্তর :** ভোলার চরফ্যাশন ও মনপুরা শহর রক্ষা বাঁধে ১৬৮ কোটি টাকার দু'টি প্রকল্পে ভয়াবহ দুর্নীতির প্রমাণ পেয়েছে পানিসম্পদ মন্ত্রণালয় এ খবরে নিন্দা প্রকাশ করে দুর্নীতির সাথে জড়িতদের চিহ্নিত করে বিচার দাবি।

**চ.** **নিউ নেশন :** টাঙ্গাইলের ধলেশ্বরী নদী হতে অবাধে বালু উত্তোলনের ফলে নদী তীরবর্তী লোকালয় হুমকির সম্মুখীন উল্লেখ করে অবিলম্বে বালু উত্তোলন বন্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

**উপসম্পাদকীয়**

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, নতুন সরকারকে প্রথমেই সুশাসন ও ন্যায়বিচার প্রতিষ্ঠা, দুর্নীতির মূলোৎপাটন, দারিদ্র্য দূরীকরণ এবং সামাজিক বৈষম্য নিরসনে অধিকতর মনোযোগ দিতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'শিক্ষার সঙ্গে নৈতিকতার চর্চা জরুরি'** নিবন্ধে বলা হয়েছে, ক্লাসে সিলেবাসের বাঁধাধরা পড়াশুনার পাশাপাশি শিক্ষার্থীদের সুস্থ মানসিক বিকাশের জন্য নৈতিক শিক্ষার বিষয়টিও বিবেচনা করা গুরুত্বপূর্ণ।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৮/৯.০০ঘন্টা